গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৫ অধিশাখা
www.mincom.gov.bd

বিষয়: সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (Blue Economy) বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের কর্ম-পরিকল্পনা।

১। মূল সংস্থার নামঃ বাণিজ্য মন্ত্রণালয়।

২। লক্ষ্যঃ দেশের সমুদ্র সম্পদ কাজে লাগিয়ে রপ্তানিমুখী শিল্পের বিকাশ ও প্রসার।

৩। উদ্দেশ্যঃ

৩.১ সামুদ্রিক সম্পদ, বিশেষ করে মৎস্য, সি-সল্ট, সি-উইড, পার্ল উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানির উদ্যোগ গ্রহণ।
৩.২ শিপ বিল্ডিং শিল্পের বিকাশ ও রপ্তানির সুযোগ সৃষ্টি।
৩.৩ সমুদ্র সম্পদ আহরণ, সংরক্ষণ ও মাননিয়ন্ত্রণের লক্ষ্যে যন্ত্রপাতি ও প্রযুক্তি আমদানি সহজীকরণ।
৩.৪ সমুদ্র সম্পদ আহরণের জন্য দেশি ও বিদেশি বিনিয়োগ আকৃষ্টকরণ।
৩.৫ মৎস্য, সি-সল্ট, সি-উইড, মুক্তাসহ অন্যান্য সামুদ্রিক সম্পদের জন্য বর্হিবিশ্বে বাজার অন্বেষণ।
৩.৬ সমুদ্র সম্পদের বাণিজ্যিক ব্যবহারে নীতি প্রণয়ন।
৩.৭ সমুদ্র সম্পদের বাণিজ্যিক ব্যবহারের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি।

৪। কর্মপরিকল্পনা (Work Plan):বাণিজ্য মন্ত্রণালয় অন্যান্য মন্ত্রণালয়/সংস্থার সাথে সমন্বয় করে নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করবে।

ক্র: নং	বিষয়	কার্যক্রম	সহযোগী সংস্থা
১	২	৩	৪
স্বল্প-মেয়াদিঃ			
৪.১	বিষয় ও সমস্যা চিহ্নিতকরণ এবং নীতি প্রণয়ন (এক বৎসরের মধ্যে)	১. সমুদ্র সম্পদের স্টক সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।	১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। ২. নৌ-পরিবহণ মন্ত্রণালয়। ৩. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
		২. সম্ভাব্য রপ্তানিকারক চিহ্নিতকরণ এবং রপ্তানি বাজার সম্পর্কে অবহিতকরণ এবং বিনিয়োগে উদ্বুদ্ধকরণ।	১. রপ্তানি উন্নয়ন ব্যুরো। ২. বিদেশস্থ বাংলাদেশের বাণিজ্যিক মিশনসমূহ ৩. বাণিজ্যিক সংগঠনসমূহ।
		৩. সমুদ্র সম্পদের বাজার প্রসারে রপ্তানি নীতিতে অন্তর্ভুক্তকরণ।	১. রপ্তানি উন্নয়ন ব্যুরো।
		৪. সমুদ্র সম্পদের রপ্তানি সম্ভাবনা সম্পর্কে বেসরকারি খাতকে সম্পৃক্তকরণের লক্ষ্যে সভা ও কর্মশালার মাধ্যমে মত বিনিময়	১. রপ্তানি উন্নয়ন ব্যুরো।
		৫. স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প প্রণয়ন।	১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। ২. নৌ-পরিবহণ মন্ত্রণালয়। ৩. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ। ৪. অর্থ বিভাগ ৫. জাতীয় রাজস্ব বোর্ড। ৬. রপ্তানি উন্নয়ন ব্যুরো।

ক্র: নং	বিষয়	কার্যক্রম	সহযোগী সংস্থা
১	২	৩	৪
মধ্য-মেয়াদিঃ			
৪.২	উৎপাদন, রপ্তানি ও বিনিয়োগ উৎসাহিতকরণ (১-২ বৎসর)	১. সমুদ্র সম্পদ ব্যবহার করে অন্যান্য দেশে অর্থনৈতিক ও ব্যবসায়িক অগ্রগতি সম্পর্কে বাস্তবা ধারণা লাভ।	১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। ২. নৌ-পরিবহণ মন্ত্রণালয়। ৩. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
		২. সমুদ্র থেকে আহরিত মৎস্য, সী-সল্ট, সী-উইড, মুক্তাসহ অন্যান্য সম্পদ প্রক্রিয়াজাতকরণের সাথে সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে আর্থিক প্রণোদনাসহ অন্যান্য সহযোগিতা প্রদান।	১. অর্থ বিভাগ। ২. জাতীয় রাজস্ব বোর্ড। ৩. বাংলাদেশ ব্যাংক।
		৩. সমুদ্র সম্পদ আহরণ, সংরক্ষণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে যন্ত্রপাতি ও প্রযুক্তি সংগ্রহের জন্য শুল্কমুক্ত আমদানি সুবিধা প্রদান।	১. জাতীয় রাজস্ব বোর্ড।
		৪. শুল্ক প্রত্যর্পন / বন্ড সুবিধা প্রদান করা।	১. জাতীয় রাজস্ব বোর্ড।
		৫. সামুদ্রিক মৎস্য আহরণে মৎস্যজীবী সহ সম্ভাব্য বিনিয়োগকারীদের প্রণোদনা (cash incentive) প্রদান।	১. অর্থ বিভাগ। ২. জাতীয় রাজস্ব বোর্ড। ৩. বাংলাদেশ ব্যাংক।
		৬. সামুদ্রিক মৎস্য সঠিকভাবে প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তি ও রপ্তানিমুখী করার লক্ষ্যে সহায়তা প্রদান।	১. অর্থ বিভাগ। ২. জাতীয় রাজস্ব বোর্ড। ৩. বাংলাদেশ ব্যাংক।
		৭. বিদেশী বিনিয়োগ (FDI) আকৃষ্ট করার লক্ষ্যে বাণিজ্যিক ডেলিগেশন মিশন প্রেরণ।	১.বাণিজ্য মন্ত্রণালয়। ২.বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ৩. বাংলাদশে অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ ৪. পররাষ্ট্র মন্ত্রণালয়
		৮. সমুদ্র সম্পদ ব্যবস্থাপনার লক্ষ্যে অন্যান্য দেশের অভিজ্ঞতা আহরণ করা। ফিলিপাইন, থাইল্যান্ড নিউজিল্যান্ড, অষ্ট্রেলিয়া, মরিশাস ইত্যাদি দেশ কর্তৃক সমুদ্র সম্পদ আহরণ জনিত কর্মসূচী।	১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। ২. নৌ-পরিবহণ মন্ত্রণালয়। ৩. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ। ৪. পররাষ্ট্র মন্ত্রণালয়।
দীর্ঘ মেয়াদিঃ			
৪.৩	উৎপাদন বহুমূখীকরণ (৩-৫ বৎসর)	১. গভীর সমুদ্র থেকে মৎস্য আহরণে উপযুক্ত প্রযুক্তি সংগ্রহ করার সরকারি ও বেসরকারি খাতের যৌথ উদ্যোগ গ্রহণ করার লক্ষ্যে কর্ম পরিকল্পনা প্রণয়ন।	১. শিল্প মন্ত্রণালয় ২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। ৩. নৌ-পরিবহণ মন্ত্রণালয়।
		২. সামুদ্রিক মৎস্যের উপর ভিত্তি করে পণ্যের বহুমুখীকরণ ও মান উন্নয়ন করে রপ্তানি করার লক্ষ্যে একটি বিজনেস প্রমোশন কাউন্সিল গঠন করা।	১. বাণিজ্য মন্ত্রণালয়। ২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। ৩. নৌ-পরিবহণ মন্ত্রণালয়।
		৩. বহির্বিশ্বে বাজার অন্বেষণে বিদেশে বাণিজ্যিক উইং এর সক্ষমতা বৃদ্ধি;	১. রপ্তানি উন্নয়ন ব্যুরো। ২. বিদেশস্থ বাংলাদেশের বাণিজ্যিক মিশনসমূহ

ক্র: নং	বিষয়	কার্যক্রম	সহযোগী সংস্থা
১	২	৩	৪
		৪. গভীর সমুদ্রে মৎস্য আহরণে জাহাজ সমূহকে ভর্তুকীতে জ্বালানী সরবরাহ করা;	১. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ। ২. অর্থ বিভাগ। ৩. জাতীয় রাজস্ব বোর্ড।
		৫. গভীর সমুদ্রে মৎস আহরণের লক্ষ্যে Ship তৈরীর ক্ষেত্রে Ship building খাতকে উৎসাহিত করার নিমিত্ত বিশেষ প্রণোদনা প্রদান; Refinancing Scheme প্রবর্তন।	১. অর্থ বিভাগ। ২. শিল্প মন্ত্রণালয় ৩. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। ৪. নৌ-পরিবহণ মন্ত্রণালয়।
		৬. গভীর সমুদ্র থেকে জ্বালানি ও খনিজ সম্পদ আহরণে ব্যবহৃত যন্ত্রপাতি, জাহাজ আমদানিতে শুল্কসুবিধা ও বন্ডসুবিধা প্রদান।	১.জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ২. জাতীয় রাজস্ব বোর্ড
		৭. আহরিত জ্বালানি ও খনিজ সম্পদ দেশে ব্যবহারের পর রপ্তানি করার দরকার হলে আর্থিক ও অন্যান্য প্রণোদনা প্রদান।	১.বাণিজ্য মন্ত্রণালয়। ২.অর্থ বিভাগ। ৩.জাতীয় রাজস্ব বোর্ড। ৪.জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৫। অগ্রাধিকার ভিত্তিক (Fast Track) বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তুত করাঃ সংযুক্তি 'ক' তে দেখানো হলো।

৬। পর্যবেক্ষণ ও মূল্যায়ণ (Monitoring & Evaluation) পরিকল্পনা প্রণয়ন করাঃ

৬.১ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সংশিষ্ট মন্ত্রণালয়/সংস্থা সমন্বয়ে একটি মনিটরিং ও মূল্যায়ণ কমিটি গঠন করা হবে।

৬.২ কমিটি প্রতি তিন মাস অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা করে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স এর নিকট প্রতিবেদন প্রেরণ করবে।

১৮/১২/২০১৮

মোহাম্মদ মাসুকুর রহমান সিকদার
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংযুক্তি'-ক'

বিষয় : সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (Blue Economy) বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা-র অগ্রাধিকার ভিত্তিক (Fast Track) বাস্তবায়ন পরিকল্পনা।

ক্রম নং	কার্যক্রম	জুলাই	আগস্ট	সেপ্টে:	অক্টো:	নভে:	ডিসে:	জানু:	ফেব্রু:	মার্চ	এপ্রিল	মে	জুন
১	সম্ভাব্য স্টেকহোল্ডারদের নিয়ে মতবিনিময় সভা			√			√			√			√
২	রপ্তানি বাজার সম্প্রসারণে রপ্তানি উন্নয়ন ব্যুরোসহ সংশ্লিষ্টদের নিয়ে কর্মশালা					√			√			√	
৩	সমুদ্র সম্পদ আহরণ, প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানিমুখী বাজারজাতকরণ বিনিয়োগে উদ্বুদ্ধকরণ নিয়ে ঢাকা ও চট্টগ্রামে কর্মশালা						√						√
৪	চলমান ২০১৮-২০২১ সময়ের রপ্তানি নীতিতে এ কর্মপরিকল্পনায় উল্লেখিত বিষয়সমূহ সন্নিবেশিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ		√	√									
৫	আর্থিক প্রনোদনা, ভর্তুকি প্রদানে লক্ষ্যে অর্থ বিভাগ ,জাতীয় রাজস্ব বোর্ডসহ সংশ্লিষ্টদের নিয়ে একটি কর্মশালা/সভা				√								
৬	একটি বিজনেস প্রমোশন কাউন্সিল গঠন						√					√	
৭	বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে প্রতি অর্থবছরে অন্ত: দুটি বাণিজ্যিক ডেলিগেশন প্রেরণ				√						√		
৮	সমুদ্র সম্পদ ব্যবস্থাপনার লক্ষ্যে অন্যান্য দেশের অভিজ্ঞতা আহরণ করা। ফিলিপাইন, থাইল্যান্ড নিউজিল্যান্ড, অষ্ট্রেলিয়া, মরিশাস ইত্যাদি দেশ কর্তৃক সমুদ্র সম্পদ আহরণ জনিত কর্মসূচী।				√				√			√	
৯	বাণিজ্যিক উইংসমূহকে বাজার অন্বেষণে নিয়মিত Market Intelligence এর কাজ করা ও প্রতিবেদন প্রেরণ						√						√
১০	বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ,গবেষণাকর্মী ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে Symposium এর আয়োজন								√				
১১	প্রকল্প প্রণয়ন (স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে)							√					

মোহাম্মদ মাসুদুর রহমান সিকদার
উপসচিব